

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৪ শাখা
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.২৫৩.২১.০০৫.২৪-২৩

তারিখ ০৮ আষাঢ় ১৪৩৩ ব.
২২ জুন, ২০২৬ খ্রি.

বিষয়: উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের গোপনীয় অনুবেদন প্রেরণ।

সূত্র: ০৫.০০.০০০০.২৫৩.৯৯.০০১.২৩.০১ তারিখ: ১৫ অক্টোবর, ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তরে কর্মরত প্রশাসন ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডার কর্মকর্তা যারা “সরকারের উপসচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি বিধিমালা-২০০২” অনুযায়ী পদোন্নতি পেয়ে উপসচিব বা তদুর্ধ্ব পর্যায়ে কর্মরত আছেন তাদের চাকরি জীবনের এসিআর সংক্রান্ত ধারাবাহিকতা বজায় রাখার প্রয়োজনে উপসচিব পদে পদোন্নতি পাওয়ার পূর্বের সকল এসিআর (সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ উভয় কপি) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিআর অধিশাখায় সংরক্ষণ করা আবশ্যিক।

০২। এমতাবস্থায়, প্রশাসন ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডার কর্মকর্তাগণের উপসচিব পদে পদোন্নতি পাওয়ার সাথে সাথে পদোন্নতি পাওয়ার পূর্ব পর্যন্ত স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তরে সংরক্ষিত সকল এসিআর (সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ উভয় কপি) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিআর অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

২২.০৬.২০২৬

(স্বপন কুমার দাস)

সহকারী সচিব (সিআর-৪)

ফোন- ৮৮-০২-৫৫১০১৩৯৮

ই-মেইল: cr4@mopa.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
২. সিনিয়র সচিব/সচিব
(সকল).....;
৩. রেক্টর, বিপিএটিসি, সাভার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. মহাপরিচালক
(সকল).....;
৫. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীগণের একান্ত সচিব
(সকল)..... মন্ত্রণালয়/বিভাগ;
৬. সিনিয়র সচিব এর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।